

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নরসিংদী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র  
শাষপুর, শিবপুর, নরসিংদী।  
Email: narsingditcc@gmail.com

স্মারক নং-৪৯.০১.৬৮০০.০০৩.১৮.০১.২০২৫-৫৯১

তারিখ

২৮ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ

১৩ নভেম্বর, ২০২৫ খ্রিঃ

## “নিয়োজিত করণ বিজ্ঞপ্তি (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে)”

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ নরসিংদী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), শাষপুর, শিবপুর, নরসিংদীতে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)- এর আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে অতিথি প্রশিক্ষক/গেস্ট ট্রেইনার পদে নিয়োজিত করণের লক্ষ্যে SICIP প্রোগ্রামের Business Plan অনুযায়ী প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন/ভাতা	শিক্ষাগত যোগ্যতা
০১	অতিথি প্রশিক্ষক (এডভান্স ওয়েল্ডিং)	১ (এক) জন	SICIP এর বিজনেস প্লান অনুযায়ী সম্মানী ভাতা প্রদান করা হবে।	১। সংশ্লিষ্ট টেকনোলজিতে বিএসসি/ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা সম্পন্ন।
০২	অতিথি প্রশিক্ষক (এডভান্স অটোমেকানিক্স)	১ (এক) জন		• শিল্প কারখানায় মাস্টার ক্রাফটম্যান/ফোরম্যান কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
০৩	জব প্লেসমেন্ট অফিসার	১ (এক) জন	SICIP এর বিজনেস প্লান অনুযায়ী সম্মানী ভাতা প্রদান করা হবে।	১। মাস্টার্স/বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা সম্পন্ন।

### নিয়োগকৃত ঋতুকালীন প্রশিক্ষকগণের শর্তাবলী নিম্নরূপ :

- আগ্রহী প্রার্থীকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, চারিত্রিক সনদ, নাগরিকত্ব সনদ/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসহ অধ্যক্ষ, নরসিংদী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, শাষপুর, শিবপুর, নরসিংদী বরাবর পাঠাতে হবে। আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ১৬/১১/২০২৫ খ্রিঃ। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ আগামী ০১/১২/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে। আবেদনপত্রে মোবাইল নম্বর ও ই-মেইল আইডি থাকিতে হইবে। খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ থাকিতে হইবে।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহের সকল কাগজপত্র যাচাই বাছাইপূর্বক প্রাথমিক যোগ্য প্রার্থীদের-কে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য তারিখ, সময় ও স্থান মোবাইলে/এসএমএস/ ই-মেইলের মাধ্যমে জানানো হবে।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে।
- পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- SICIP প্রকল্পের আওতায় এই নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষকদের SICIP এর বিজনেস প্লান অনুযায়ী সম্মানী ভাতা প্রদান করা হবে, প্রতিষ্ঠান হতে আর কোন ভাতাদি প্রদান করা হবে না। প্রতি ব্যাচে (৪ মাসে), ৮৮টি কর্মদিবস কার্যকরী হবে।
- SICIP প্রকল্পের আওতায় এই নিয়োগপ্রাপ্ত JPO -কে SICIP এর বিজনেস প্লান অনুযায়ী সম্মানী ভাতা প্রদান করা হবে। প্রতিষ্ঠান হতে আর কোন ভাতাদি প্রদান করা হবে না।
- অভিজ্ঞতার সনদ প্রদানকারীর সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট অফিসের টেলিফোন নম্বর, ই-মেইল ও প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানা উল্লেখ করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে অতিথি প্রশিক্ষক (গেস্ট ট্রেইনার) এবং JPO যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Sayed  
11/11/25

(ইঞ্জিঃ মোহাম্মদ সাজ্জাদ হোসেন ডুএল)

অধ্যক্ষ

নরসিংদী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র  
শাষপুর, শিবপুর, নরসিংদী।

আরপি-২৫৫২/২৫ (৬\*৩)